Bangladesh

নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলুন
আপনার শহর পরিচ্ছন্ন রাখুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
পরিচ্ছন্নতা বিভাগ
বাটালি হিল, টাইগার পাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

মুজিব বর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটির ১০ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মোবারক আলী, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি ও কাউন্সিলর, ০৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |
| স্থান | : | সভা কক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, নগর ভবন, টাইগার পাস, চট্টগ্রাম। |
| তারিখ | : | ১৮ জুন ২০২৩ খ্রি. (রবিবার) |
| সময় | : | দুপুর ০২:০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যবৃন্দ:

১। জনাব মো: মোবারক আলী, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি ও কাউন্সিলর, ০৭নং ওয়ার্ড, চসিক।
২। জনাব হাজী নুরুল হক, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ৩৫নং ওয়ার্ড, চসিক।
৩। জনাব মো: এসরারুল হক,সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৪নং ওয়ার্ড, চসিক।
৪। জনাব মো: কাজী নুরুল আমিন, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চসিক।
৫। জনাব শৈবাল দাশ সুমন, সদস্য বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ২১ নং ওয়ার্ড, চসিক।
৬। জনাব শাহানুর বেগম, সদস্য বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, সংরক্ষিত আসন - ১৪, চসিক।
৭। জনাব মুহাম্মদ আবুল হাশেম, সদস্য সচিব, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা (অ:দা:) চসিক।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

১। উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা,চসিক।
২। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা,চসিক।
৩। পরিচ্ছন্ন কর্মকর্তা (সকল),চসিক।

আসন্ন পবিত্র ঈদুল আজহা'২৩ উপলক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভা কমিটির সভাপতি জনাব মো: মোবারক আলী'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাদের সালাম এবং শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন সম্মানিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করে মতামত প্রদান করেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

**সিদ্ধান্তসমূহ:**

পবিত্র ঈদ-উল-আজহা এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গতবছরের ন্যায় এবছরও ৪১টি ওয়ার্ডকে ৬টি জোনে বিভক্ত করে ০৬জন সম্মানিত কাউন্সিলরকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ৬টি জোনে যারা দায়িত্ব পালন করবেন যথাক্রমে; ১/জোন নং -০১, জনাব কাজী নুরুল আমিন, সম্মানিত কাউন্সিলর,০৫নং ওয়ার্ড, দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ: ১,২,৩,৫,৮ ও ১৪, ২/জোন নং ০২- জনাব এসরারুল হক, সম্মানিত কাউন্সিলর,০৪নং ওয়ার্ড, দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ: ৪,৬,৭,১৫,১৬,১৭ ও ১৮নং ওয়ার্ড, ৩/ জোন নং ০৩- জনাব মো: নুরুল আমিন, সম্মানিত কাউন্সিলর,১২নং ওয়ার্ড, দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ: ৯,১০,১১,১২,১৩,২৩,২৪ এবং ২৫নং ওয়ার্ড, ৪/ জোন নং ০৪- জনাব হাজী মো: নুরুল হক, সম্মানিত কাউন্সিলর, ৩৫নং ওয়ার্ড, দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ: ১৯,২০,২১,২২,৩৪,এবং ৩৫নং ওয়ার্ড, ৫/ জোন নং ০৫- জনাব আবদুস সালাম মাসুম, সম্মানিত কাউন্সিলর, ৩১নং ওয়ার্ড, ২৭,২৮,২৯,৩০,৩১,৩২ ও ৩৩ ওয়ার্ড, ৬/ জোন নং ০৬- জনাব ছালেহ আহম্মদ চৌধুরী, সম্মানিত কাউন্সিলর, ৪১নং ওয়ার্ড, দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহ: ২৬,৩৬,৩৭,৩৮,৩৯,৪০ এবং ৪১নং ওয়ার্ড। বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যান্ডিং কমিটির সভাপতি, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, ম্যালেরিয়া ও মশক

নিয়ন্ত্রণ কর্মকর্তা ঈদ-উল আজহা'র সার্বিক বিষয় তদারকি করবেন। এছাড়াও জোন কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক সমন্বয়ের দায়িত্বে থাকবেন সংরক্ষিত আসন ১৪ এর সম্মানিত কাউন্সিলর ও বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সদস্য জনাব শাহানুর বেগম।

২। এবছর কোরবানের বর্জ্য অপসারণে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে পূর্বের চাহিদানুযায়ী কমপক্ষে ২০টি নতুন কন্টেইনার স্থাপন ও ইতোপূর্বে উত্তোলিত কন্টেইনার মেরামতপূর্বক প্রতিস্থাপন করতে হবে। এছাড়াও বর্তমানে ব্যবহার অযোগ্য ও ক্রটিপূর্ণ কন্টেইনার ঈদ-উল-আজহার পূর্বেই চিহ্নিত করে দ্রুত মেরামত ও সরবরাহ নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।

৩। ওয়ার্ডের অলি-গলি হতে টমটম গাড়িগুলোর মাধ্যমে কোরবানির পশু জবাই পূর্ববর্তী সৃষ্ট খড়খুটো ও অন্যান্য বর্জ্য ও বর্তমানে মধুমাসের বাড়তি বর্জ্য কোরবানের আগেই দ্রুত অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪। পশুর হাটে মাইকে কোরবানের বর্জ্যসমূহ অপসারণ এবং নির্দিষ্টস্থানে ফেলার জন্য সচেতনতামূলক ঘোষণা প্রদানের জন্য বাজার ইজারাদারদেরকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও লিফলেটের মাধ্যমে সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম চালানোর বিষয়ে সুপারিশ করা হয়।

৫। কর্পোরেশনের নিজস্ব ২৪৫টি গাড়ি বর্জ্য অপসারণের জন্য প্রস্তুত রাখা হয়েছে এবং আরো ১২০টি গাড়ি ভাড়ায় নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। কোরবানের সময় গাড়ি ও যন্ত্রপাতি সরবরাহের সার্বিক বিষয় তত্ত্বাবধান করার জন্য ২১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমনকে অনুরোধ করা হয়।

৬। বৃষ্টির সময় যেসকল পয়েন্টগুলোতে পানি আটকে জলাবদ্ধতার সৃষ্টি হয় সেসকল পয়েন্টগুলোকে চিহ্নিত করে দ্রুত পানি অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট পরিচ্ছন্ন কর্মকর্তা/তত্ত্বাবধায়ক/সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করা হয়।

৭। ডেঙ্গুর প্রকোপ প্রতিরোধে প্রতিটি ওয়ার্ডে পর্যাপ্ত পরিমাণ কীটনাশক সরবরাহ এবং বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় ঝুঁকিপূর্ণ এলাকাসমূহে বিশেষ মশক নিধন ক্রাশ প্রোগ্রাম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।

৮। গতবছরের ন্যায় এবছরও পরিচ্ছন্নতা বিভাগে কর্মরত ১২৪ জন তদারককারী কর্মকর্তা ও কর্মচারীকে কাজে উৎসাহিত করতে প্রতিজন অতিরিক্ত ৭০০/-টাকা হিসেবে ০২ (দুই) দিনের (১২৪ x ২ x ৭০০) = ১,৭৩,৬০০/-টাকা, (খ) ওয়ার্ডে স্থায়ী, অস্থায়ী ও ডোর টু ডোর মোট ৩,৪২৫ জন শ্রমিককে অতিরিক্ত জনপ্রতি ৪৫২/-টাকা হিসাবে মোট ০২ (দুই) দিনের (৩,৪২৫ x ২ x ৪৫২) =৩০,৯৬,২০০/-টাকা, (গ) প্রতি ট্রিপ ৪০০/-টাকা হিসাবে আবর্জনাবাহী গাড়ির অতিরিক্ত ৩০০ (তিনশত) ট্রিপ বাবদ (৪০০ x ৩০০) = ১,২০,০০০/- টাকাসহ সর্বমোট (১,৭৩,৬০০ + ৩০,৯৬,২০০ + ১,২০,০০০ = ৩৩,৮৯,৮০০/-) [তেত্রিশ লক্ষ উননব্বই হাজার আটশত] টাকা অগ্রিম প্রদানের সুপারিশ করা হয়। এছাড়াও কোরবানির সময় শহরের অধিকাংশ হোটেল-রেস্তোরা বন্ধ থাকে বিধায় ঈদের দিন ৪,৭০০ জন ও পরের দিন ৪,৫০০ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের (প্রতিটি আবর্জনাবাহী গাড়ির চালক হেলপার ও আউটসোর্সিং শ্রমিক সহ) মধ্যাহ্ন ভোজের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জনপ্রতি একদিন একবেলা (আনুমানিক) ১৮০/-টাকা (পানিসহ) হিসেবে ২দিনের ২ বেলা দুপুরের খানা খরচ বাবদ (৪৭০০ + ৪৫০০ x ১৮০) = ১৬,৫৬,০০০/- (ষোল লক্ষ ছাপ্পান্ন হাজার টাকা) টাকা পরবর্তীতে সমন্বয় সাপেক্ষে অগ্রিম প্রদানের জন্য সভায় সুপারিশ করা হয়। রান্নাকৃত খাবার সরবরাহের ব্যবস্থাপনার জন্য ০৮নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোরশেদ আলমকে অনুরোধ করা হয়।

৯। কোরবানিকৃত পশুর চামড়া ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে অতি দ্রুত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

18.06.2023

( মো: মোবারক আলী )
সভাপতি
বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যান্ডিং কমিটি
ও
সম্মানিত কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০৬.০৬.০১১.২৩-৯৯৩

তারিখ : ১৮/০৬/ ২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):

০১। কাউন্সিলর,.........নং ওয়ার্ড / সংরক্ষিত আসন, চসিক।
০২। জনাব মোঃ মোবারক আলী, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৭নং ওয়ার্ড, চসিক।
০৩। জনাব শৈবাল দাশ সুমন, সদস্য বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ২১নং ওয়ার্ড, চসিক।
০৪। জনাব হাজী নুরুল হক, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ৩৫নং ওয়ার্ড, চসিক।
০৫। জনাব মোরশেদ আলম, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৮নং ওয়ার্ড, চসিক।
০৬। জনাব আবদুল বারেক, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ৪০নং ওয়ার্ড, চসিক।
০৭। জনাব মো: কাজী নুরুল আমিন সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৫নং ওয়ার্ড, চসিক।
০৮। জনাব মোঃ এসরারুল হক, সদস্য, বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, ০৪নং ওয়ার্ড, চসিক।
০৯। জনাব শাহানুর বেগম, সদস্য বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি এবং কাউন্সিলর, সংরক্ষিত আসন ১৪, চসিক।
১০। জনাব ছালেহ আহম্মদ চৌধুরী, সম্মানিত কাউন্সিলর ৪১নং ওয়ার্ড,চসিক।
১১। জনাব আবদুস সালাম মাসুম, সম্মানিত কাউন্সিলর ৩১নং ওয়ার্ড,চসিক।
১২। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) (বিদ্যুৎ), চসিক।
১৪। উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, অবগতি ও সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৫। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) , চসিক।
১৬। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা, চসিক।
১৭। জন সংযোগ কর্মকর্তা, চসিক।
১৮। প্রোগ্রামার, সার্ভার রুম , চসিক।
১৯। পুল অফিসার, অবগতি ও যথাযথ সহযোগিতার জন্য, চসিক।
২০। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
২১। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
২২। প্রধান প্রকৌশলী, চসিক। অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
২৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,চসিক। অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।

২৪। প্রধান, .......................................কর্মকর্তা, অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
২৫। অফিস কপি।

১৮.০৬.২৩

সদস্য সচিব
বর্জ্য ব্যবস্থাপনা ষ্ট্যান্ডিং কমিটি
ও
প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা (অ: দা:)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন